



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সাতকানিয়া সরকারি কলেজ

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

সাতকানিয়া, চট্টগ্রাম। ফোন- ০৩০৩৬-৫৬২৬৬, মোবাইল : ০১৮২৪১০৭১৯০

ই-মেইল : [satkaniagovt.college@yahoo.com](mailto:satkaniagovt.college@yahoo.com)

[www.satkaniagovtcollege.edu.bd](http://www.satkaniagovtcollege.edu.bd), EIIN : 105061

তারিখ : ১৯.০৭.২০১৭ খ্রি.

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত সময়সূচি অনুযায়ী ভর্তি কমিটির নিকট উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। যথাসময়ে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে তাদের মনোনয়ন বাতিল হবে এবং ভর্তির সুযোগ পাবেনা।

বিভাগ	ভর্তির তারিখ ও সময়
সকল বিভাগ	২০/০৭/২০১৭ সকাল- ১০.০০ টা - দুপুর ০১.০০টা

ভর্তির সময় নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবেঃ

- ১। এস.এস.সি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসাপত্র।
- ২। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সচিব ও মন্ত্রী মহোদয়ের স্বাক্ষরিত সনদ এবং উপর্যুক্ত বিষয়ে ইউনিয়ন পরিষদ/ ওয়ার্ড কমিশনার/ পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র।
- ৩। শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়ের অধঃস্তন দপ্তর ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং MPO-র কপি দাখিল করতে হবে।
- ৪। প্রবাসী কোটার ক্ষেত্রে বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র।
- ৫। বি.কে.এস.পি.কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।
- ৬। উপর্যুক্ত সকল কাগজপত্রের সত্যায়িত ফটোকপি- ০২ (দুই) সেট।
- ৭। পাসপোর্ট সাইজের ছবি ০২ কপি ও স্ট্যাম্প সাইজের ছবি ০২ কপি (ছবির পেছনে নাম লিখতে হবে)।
- ৮। ১২'x১৫' আকারের একটি খাম (খামের উপর শ্রেণি, শিক্ষাবর্ষ, আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, যোগাযোগের ঠিকানা এবং মোবাইল ফোন নম্বর লিখতে হবে)।

সেশন ফি জমা

শাখার নাম	ফিসের হার
বিজ্ঞান	২,২৫০/- (দুই হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র।
মানবিক ও ব্যবসায় শিক্ষা	২,১৫০/- (দুই হাজার একশত পঞ্চাশ) টাকা মাত্র।

ভর্তি কমিটির নিকট মূল কাগজপত্র জমা দিয়ে ভর্তি ফরম এবং টাকা জমার রশিদ সংগ্রহ করবে। পূর্বালী ব্যাংক লিঃ, সাতকানিয়া শাখায় সেশন ফি জমা দিয়ে রশিদের “সংশ্লিষ্ট শাখার কপি” সহ ভর্তি ফরম জমা দিতে হবে।

ভর্তির সময় জমা দেয়া মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট শিক্ষা বোর্ডে জমা দেয়া হবে। তাই শিক্ষার্থীদের নিজ প্রয়োজনে জমাকৃত কাগজপত্রের পর্যাপ্ত ফটোকপি নিজের নিকট সংরক্ষণ করতে পরামর্শ দেয়া যাচ্ছে।